

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০৬৮.১২. ৮ ৪ ৪

তারিখ : ০২ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয় : ঢাকা মহানগরীর কদমতলী থানাধীন সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পরিবর্তন সংক্রান্ত।

ঢাকা মহানগরীর কদমতলী থানাধীন সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক না থাকায় সিনিয়র শিক্ষককে নিয়োগ না দিয়ে জুনিয়র শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়। তিনি বিদ্যালয়টি যথাযথভাবে পরিচালনা করতে ব্যর্থ হওয়ায় বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীবৃন্দ এবং এলাকাবাসী তার বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ বজায় রাখার স্বার্থে নিয়োগকৃত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পরিবর্তন করে সিনিয়র জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ প্রয়োজন। এ সংক্রান্ত ডি.ও. পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, ঢাকা মহানগরীর কদমতলী থানাধীন সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিয়োগের বিষয়টি তদন্ত করে গত ০৬ জুন ২০১১ তারিখে শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬ নং স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে আগামী ০৭(সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।


(সালমা জাহান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৫০৩৪১

ই-মেইল : ds_sec2@moedu.gov.bd

তারিখ : ০২ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং-৩৭.০০.০০০০.০৭২.৩১.০৬৮.১২.

অনুলিপি ও সদয় কার্যার্থেঃ

- ০১। জনাব সৈয়দ আবু হোসেন বাবলা, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-৪।
- ০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব(মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সভাপতি, সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়, কদমতলী, ঢাকা।


(সালমা জাহান)
যুগ্মসচিব